

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮২৬

আগরতলা, ২৫ জুলাই, ২০২৪

গণবন্টন ব্যবস্থায় জুলাই-সেপ্টেম্বর মাসে  
মাথাপিছু ৩৬০ মিলিলিটার করে কেরোসিন

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত কয়েক মাস যাবৎ পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রণালয় অন্যান্য রাজ্যের মতো ত্রিপুরা রাজ্যেও ত্রৈমাসিক কেরোসিনের কোটা ৩৫১৪ কিলোলিটার থেকে কমিয়ে জুলাই-সেপ্টেম্বর, ২০২৪ এ ১৪২৮ কিলোলিটার কেরোসিন বরাদ্দ করেছে। এর ফলে রাজ্য সরকার কর্তৃক গণবন্টন ব্যবস্থায় জুলাই থেকে সেপ্টেম্বর, ২০২৪ এই তিনমাস পর্যন্ত মাথাপিছু ৩৬০ মিলিলিটার করে কেরোসিন বরাদ্দ করা হয়েছে। খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*